# আজ নির্বাচন প্রস্তুতি নিয়ে সংবাদ সম্মেলন করবে বিএনপি



সংগৃহীত ছবি

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে বিএনপি বৃহস্পতিবার (৩০ অক্টোবর) সংবাদ সম্মেলন করবে। রাজধানীর গুলশানস্থ দলের চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে এই অনুষ্ঠানে দলের নেতারা দেশীয় রাজনৈতিক পরিস্থিতি এবং নির্বাচনী কৌশল নিয়ে মতামত প্রকাশ করবেন।

গত মঙ্গলবার (২৮ অক্টোবর) বিএনপি মিত্র রাজনৈতিক জোট গণতন্ত্র মঞ্চের শীর্ষ নেতাদের সঙ্গে বৈঠক করেছে। বৈঠকে গণতন্ত্র মঞ্চ তাদের ছয়জন শীর্ষ নেতার সম্ভাব্য আসনের তথ্য বিএনপিকে জানিয়েছে।

বিএনপির মিডিয়া সেলের শায়রুল কবির খান নিশ্চিত করেছেন, সংবাদ সম্মেলনে স্থায়ী কমিটির নেতারা দলের সিদ্ধান্ত এবং সাম্প্রতিক রাজনৈতিক পরিস্থিতি নিয়ে সাংবাদিকদের সামনে বিস্তারিত আলোচনা করবেন।

চূড়ান্ত প্রস্তুতির অংশ হিসেবে বিএনপি একদিকে দলের প্রার্থী চূড়ান্ত করছে, অন্যদিকে যুগপৎ আন্দোলনের অংশীদার দলগুলোর সঙ্গে আসন বণ্টন ও সমন্বয় প্রক্রিয়ায় ব্যস্ত রয়েছে।

LENS ASIA